



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০৪৫.০১৪.০০.০০.০০৯.২০১৬-৬৪৩

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৩ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) কর্তৃক 'অনলাইনে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ' এর মাধ্যমে দেশের সকল উপজেলা পরিষদের সক্ষমতা যাচাইকরণ।

সূত্র: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালকের স্মারক নং-২৪৪, তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'UGDP' প্রকল্প হতে ২০২২-২৩ অর্থবছরে 'অনলাইনে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ' এর মাধ্যমে দেশের সকল উপজেলা পরিষদের সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনা করা হবে। 'অনলাইনে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ' বিষয়ে প্রকল্প কর্তৃক সকল উপজেলা পরিষদকে অনলাইনে প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ/ওরিয়েন্টেশনে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার (এপি), গোপনীয় সহকারী (সিএ) এবং উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটের (ইউডিএফ) অংশগ্রহণ করবেন। উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন এর তারিখ ও সময় পরবর্তীতে 'UGDP' প্রকল্প হতে জানানো হবে।

'অনলাইনে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ' কার্যক্রমের আওতায় 'UGDP'-তে উপজেলা পরিষদ অন্তর্ভুক্ত করণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নথি/ডকুমেন্ট উপজেলা ওয়েব পোর্টাল এ থাকতে হবে:

- (ক) ২০২১-২০২২ অর্থবছরের উপজেলা পরিষদের মাসিক সভাসমূহের কার্যবিবরণী।
- (খ) ২০২১-২০২২ অর্থবছরের ১৭টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।
- (গ) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক বাজেট।
- (ঘ) ২০২১-২২ অথবা ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা।
- (ঙ) ২০২০-২১ অথবা ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন।

#### স্কোরিং সূচকসমূহ নিম্নরূপ:

#### ১. প্রাতিষ্ঠানিক সক্ষমতা

- স্কোরিং সূচক: ১.১: উপজেলা পরিষদের সভা করা এবং কার্যবিবরণী তৈরি করা হয়েছে।
- স্কোরিং সূচক: ১.২: উপজেলা কমিটিসমূহের (ইউসি) সভা করা এবং কার্যবিবরণী তৈরি করা হয়েছে।

#### ২. আর্থিক ব্যবস্থাপনার সক্ষমতা

- স্কোরিং সূচক: ২.১: উপজেলা পরিষদ আইন অনুযায়ী বার্ষিক বাজেট প্রস্তুত এবং অনুমোদন করা হয়েছে।
- স্কোরিং সূচক: ২.২: সম্পদ রেজিস্টার সঠিক ভাবে সংরক্ষণ এবং হালনাগাদ আছে।
- স্কোরিং সূচক: ২.৩: বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) বাস্তবায়ন রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।
- স্কোরিং সূচক: ২.৪: বার্ষিক আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে।

#### ৩. পরিকল্পনা তৈরি সক্ষমতা

- স্কোরিং সূচক: ৩.১: প্রাসঙ্গিক বিষয়বস্তু সহ পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।
- স্কোরিং সূচক: ৩.২: প্রাসঙ্গিক বিষয়বস্তু সহ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

#### ৪. স্বচ্ছতা ও জবাবদিহিতা

- স্কোরিং সূচক: ৪.১: উপজেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্দিষ্ট করা হয়েছে এবং বিষয়টি জনগণকে অবহিত করা হয়েছে।
- স্কোরিং সূচক: ৪.২: সেবা প্রদানের অঙ্গীকার (সিটিজেন চার্টার) তৈরি ও প্রকাশ করা হয়েছে।


(চময়ন পূর্ণা-২)

২৩/০৮/২২

‘UGDP’ প্রকল্প কর্তৃক নিয়োগপ্রাপ্ত ফার্ম এর সূচক ভেরিফাইয়ারগণ প্রতিটি উপজেলার ওয়েব পোর্টাল বিশ্লেষণ করে সংশ্লিষ্ট উপজেলা পরিষদের উপরোল্লিখিত ডকুমেন্টসমূহ যাচাই করবেন। উপজেলা পরিষদের সক্ষমতা যাচাই সংক্রান্ত উক্ত কার্যক্রমের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণ উপজেলার ওয়েব পোর্টালে উপরে উল্লেখিত সূচকের বিপরীতে প্রয়োজনীয় তথ্যাদির নথি/ ডকুমেন্টসমূহ আপডেট নিশ্চিত করবেন এবং সক্ষমতা যাচাই কার্যক্রমে নিয়োজিত ব্যক্তিগণকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

এ কার্যক্রম চলাকালীন পরামর্শক ফার্ম কর্তৃক নিযুক্ত ব্যক্তিগণ উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার এবং সিএ এর সাথে মোবাইল/টেলিফোনে যোগাযোগ করবেন এবং পারফরমেন্স এসেসমেন্ট এর ভিত্তিতে উপজেলার ওয়েব পোর্টালে বিদ্যমান তথ্যসমূহের ত্রুটি-বিদ্যুতি আলোচনা করবেন। পরবর্তীতে চূড়ান্ত পারফরমেন্স এসেসমেন্ট ফরম এর প্রিন্টেট কপিতে উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বাক্ষর করে তা নিজ অফিসে সংরক্ষণ করবেন।

এমতাবস্থায়, অনলাইনে সক্ষমতা যাচাই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নক্রমে উপজেলা পরিষদের সক্ষমতার প্রকৃত চিত্র সম্বলিত রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে প্রত্যক্ষ ও সক্রিয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।



(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক (সকল)

.....।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ডিপিএইচই ভবন, কাকরাইল, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল).....।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল).....।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.....।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিনিয়র রিপ্রেজেন্টেটিভ, জাইকা, বাংলাদেশ অফিস, ঢাকা।
- ১০। টিম লিডার/পরিচালক,.....।